



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৮৬

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৮

১৮ মে ২০২১

বিষয়: চলতি বোরো/২১ মৌসুমে ধান সংগ্রহের গতি ত্বরান্বিতকরণ।

- সূত্র: ১। খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৫৯, তারিখ: ২৭/০৪/২০২১ খ্রি:।
২। খাদ্য মন্ত্রণালয়ে স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২১.৮৮, তারিখ: ০৩/০৫/২০২১ খ্রি:।
৩। খাদ্য মন্ত্রণালয়ে স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২১.৮৯, তারিখ: ০৪/০৫/২০২১ খ্রি:।
৪। খাদ্য মন্ত্রণালয়ে স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২১.৯১, তারিখ: ০৬/০৫/২০২১ খ্রি:।
৫। খাদ্য মন্ত্রণালয়ে স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২১.৯২, তারিখ: ০৭/০৫/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১নং স্মারকে চলতি বোরো/২০২১ মৌসুমে ৬.৫০ লাখ মে:টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। চলতি বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমের আওতায় গত ২৮/০৪/২০২১ খ্রি: তারিখ থেকে ধান সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে যা আগামী ১৬/০৮/২১ খ্রি: তারিখ পর্যন্ত চলবে। নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ১৭/০৫/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত সারাদেশে ১৬৯৭৪ মে:টন ধান সংগৃহীত হয়েছে। সংগ্রহের শতকরা হার ২.৬১। যার বিভাগভিত্তিক চিত্র নিম্নরূপ:

ক্র: নং	বিভাগ	লক্ষ্যমাত্রা	১৭/০৫/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত সংগৃহীত ধানের পরিমাণ	সংগ্রহের হার
১	রাজশাহী	১০৭৩৪৬	১৫৬০	১.৪৫%
২	রংপুর	১০৪৯৯৯	৯৭০	০.৯২%
৩	ঢাকা	১০১১৮৩	৩২৩৭	৩.২০%
৪	ময়মনসিংহ	৯৩৬৬৪	১৩২৭	১.৪২%
৫	খুলনা	৮৫১৮৫	৩৮৪৮	৪.৫২%
৬	চট্টগ্রাম	৭৫৪৪২	২১৩২	২.৮৩%
৭	সিলেট	৫৮০৮২	২৩৯৭	৪.১৩%
৮	বরিশাল	২৪০৯৯	১৫০৩	৬.২৪%
সর্বমোট=		৬৫০০০০	১৬৯৭৪	২.৬১%


উপর্যুক্ত সারণীতে ধান সংগ্রহের এ গতি অত্যন্ত হতাশাব্যঞ্জক। ধান সংগ্রহের এ গতি অব্যাহত থাকলে সংগ্রহের সময়সীমার মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রার অবশিষ্ট পরিমাণ (৬,৩৩,০২৬ মে:টন) ধান সংগ্রহ করা দূরহ হয়ে পড়বে।

বোরো ২০২১ মৌসুমে সারাদেশে ধানের উৎপাদন সন্তোষজনক এবং বর্তমানে ধানের বাজার মূল্য সংগ্রহের অনুকূলে রয়েছে। তাই এ বাস্তবতার নিরিখে সরকার ঘোষিত ধানের লক্ষ্যমাত্রা অর্জনের সুবর্ণ সুযোগ। তাই ধানের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে স্ব স্ব বিভাগের ধানের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। এ ব্যাপারে এখন থেকে ধান ক্রয়ের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে নির্দেশনা প্রদান করা যেতে পারে। এছাড়াও প্রয়োজন অনুযায়ী জেলা সংগ্রহ কমিটির সভাপতি

হিসেবে জেলা প্রশাসকের সার্বিক সহযোগিতা কামনা করা যেতে পারে।

অপরদিকে সরকার উৎপাদক কৃষকদের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে ধানের লক্ষ্যমাত্রা অর্জনে অত্যন্ত দৃঢ় প্রতিজ্ঞ। সে লক্ষ্যে ইতোমধ্যে খাদ্য মন্ত্রণালয় হতে সূত্রস্থ ৪নং স্মারকে ১৩দফা সম্বলিত নির্দেশনাবলী প্রদান করা হয়েছে যা মাঠ পর্যায়ে সংগ্রহ বিভাগের ০৬/০৫/২০২১ খ্রি: তারিখের ৭৫নং স্মারকে পৃষ্ঠাঙ্কন করে প্রেরণ করা হয়েছে। এছাড়া মন্ত্রী মহোদয় কর্তৃক দেশের সকল বিভাগের সাথে জুম মিটিংএ প্রদত্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে। অপরদিকে সরাসরি কৃষকের নিকট থেকে ধান সংগ্রহের বিষয়ে সূত্রস্থ ২ ও ৩নং স্মারকে যথাক্রমে যেসব এলাকায় কৃষকের তালিকা পেতে বিলম্ব হচ্ছে যেসব এলাকায় গতবছরের তালিকা অনুসরণ করে লটারি অথবা আগে আসলে আগে পাবেন ভিত্তিতে এবং অ্যাপডুক্ত যে সকল উপজেলায় পর্যাপ্ত সংখ্যক কৃষক নিবন্ধন বিলম্বিত হচ্ছে সেসব এলাকায় অ্যাপের পাশাপাশি আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ধান ক্রয় করে সংগ্রহ কার্যক্রম শতভাগ সফল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও সূত্রস্থ ৫নং স্মারকে যথাসময়ে কৃষক তালিকা প্রাপ্ত উপজেলাসমূহে যদি লটারিতে নির্বাচিত কৃষক ব্যতিত তালিকাভুক্ত অন্য কোনো কৃষক ধান বিক্রয়ে আগ্রহী হয় তার কাছ থেকেও ধান ক্রয় করতে পারবে মর্মে খাদ্য মন্ত্রণালয় থেকে নির্দেশনা প্রদান করা হয়। চলতি বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ কৃষক নির্বিশেষে সকলের নিকট থেকে সর্বোচ্চ ৩ মে. টন পর্যন্ত ধান ক্রয় করা যাবে। ফলে উৎপাদক কৃষকদের নিকট থেকে বিপুল পরিমাণ ধান ক্রয়ের সুযোগ সৃষ্টি হয়েছে।

এমতাবস্থায়, খাদ্য মন্ত্রণালয় থেকে জারিকৃত ১৩ দফা নির্দেশনা ও সরাসরি কৃষকদের নিকট থেকে ধান ক্রয়ের বিষয়ে জারিকৃত পত্র মোতাবেক স্ব স্ব বিভাগে প্রদত্ত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অবহেলার কারণে ধান সংগ্রহ কার্যক্রম সফল না হলে সংগ্রহের সাথে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।



১৮-৫-২০২১

শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৮৬/১(১২)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪২৮
১৮ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বার্তাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।



১৮-৫-২০২১
শেখ মুজিবুর রহমান
মহাপরিচালক